[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

চ্যালেঞ্জের ভিত্তিতে পরিবর্তন করতে। কিছু ম্যাচের মধ্যে মাত্র দুই দিনের বিরতি আছে। এজন্য খেলার পর, পরের দিন ভ্রমণ করা কঠিন হবে।’

জয় জানান, সূচিতে পরিবর্তন হলেও ম্যাচের ভেন্যু একই থাকবে। ম্যাচগুলোর মধ্যে বিরতির সমন্বয় করা হবে। তিনি বলেন, ‘যতটা সম্ভব ম্যাচের পাশাপাশি ভেন্যু পরিবর্তন না করার দিকে নজর দিচ্ছি। যেসব ম্যাচের মধ্যে ছয় দিন বিরতি আছে, সেটা চার-পাঁচ দিনে কমিয়ে আনার চেষ্টা করছি। আর যেগুলোর মধ্যে দুই দিনের বিরতি, সেগুলোতে তিন দিন করার চেষ্টা করা হচ্ছে।’

৫ অক্টোবর বিশ্বচ্যাম্পিয়ন ইংল্যান্ড ও রানার্স-আপ নিউজিল্যান্ডের মধ্যকার ম্যাচ দিয়ে শুরু হবে বিশ্বকাপ। কবে থেকে বিশ্বকাপের টিকিট বিক্রি শুরু হবে তা এখনও ঘোষণা করেনি আইসিসি ও বিসিসিআই। এ ব্যাপারে জয় জানান, বিশ্বকাপের টিকিটের মূল্য ও অন্যান্য বিষয়ে আগামী সপ্তাহে আইসিসির সঙ্গে আলোচনা করে ঘোষণা করা হবে।

সূত্র:ইত্তেফাক

এরাই আমাদের আগামী দিনের নেতৃত্ব দিবে এরাই আমাদের ভবিষ্যৎ–জনপ্রশাসন প্রতিমন্ত্রী

আজকে সারা বাংলাদেশে খেলাধুলার যে বিশাল আয়োজন মাননীয় প্রধানমন্ত্রী বঙ্গবন্ধু কন্যা জননেত্রী শেখ হাসিনা যিনি বাংলাদেশকে সারা বিশ্বের উন্নয়নের রোল মডেলে পরিণত করেছেন। এই খেলাধুলা গত ১৪ বছর আগে এরকম ছিল না মাননীয় প্রধানমন্ত্রী এটি শুরু করেছেন আমাদের জাতির পিতার নাম বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং বঙ্গবন্ধুর সাথে ছিলেন যোগ্য সহধর্মনি বঙ্গমাতা বেগম

ফজিলাতুন্নেছা মুজিব এই দুইজনের নামে এই যে খেলা এই খেলার মাধ্যমে সারা বাংলাদেশে খেলোয়াড় তৈরি হচ্ছে। তাতে আগামী দিনে বাংলাদেশ বিশ্বকাপ খেলবে ইনশাআল্লাহ।

আজ বৃহস্পতিবার দুপুরে মুজিবনগর উপজেলা পর্যায়ে বঙ্গবন্ধু ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা গোল্ডকাপ টুর্নামেন্টের পুরস্কার বিতরণী অনুষ্ঠানে এসব কথা বলেন মেহেরপুর ১ আসনের সংসদ সদস্য ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন।

তিনি আরো বলেন এখনকার বাচ্চারা হাঁটতে হাঁটতে স্কুলে যায় এবং দৌড়াতে দৌড়াতে বাড়ি আসে। কিন্তু আমরা এমন শিক্ষা ব্যবস্থা তৈরি করছি যাতে শিশুরা দৌড়াতে দৌড়াতে স্কুলে যাবে এবং হাঁটতে হাঁটতে স্কুল থেকে বাড়ি আসবে। স্কুলের প্রতি তাদের আগ্রহ বাড়বে।
তিনি শিক্ষকদের উদ্দেশ্যে করে বলেন, আপনারা স্কুলে খেলাধুলা ও বিনোদনের ব্যবস্থা করবেন যাতে শিশুরা স্কুলে আনন্দ করতে যেতে পারে স্কুলের প্রতি তাদের আগ্রহ বাড়ে।



মুজিবনগর উপজেলা প্রশাসন উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসের আয়োজনে, মুজিবনগর উপজেলা পরিষদ মাঠে বঙ্গবন্ধু ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা গোল্ডকাপ টুর্নামেন্টে পুরস্কার বিতরণী অনুষ্ঠানে, মেহেরপুর জেলা প্রশাসক শামীম হাসানের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন পুলিশ সুপার রাফিউল আলম, অতিরিক্ত জেলা প্রশাসক আব্দুল কাদির মিয়া, মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস, মুজিবনগর থানা অফিসার ইনচার্জ মেহেদি রাসেল, উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার মোহাম্মদ আলাউদ্দিন, মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা, মহাজনপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আমান হোসেন মিলু, বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আইয়ুব হোসেন।

ইউনিয়ন পর্যায়ে বাছাইকৃত খেলার পরে উপজেলার ৪টি ইউনিয়ন থেকে বঙ্গবন্ধু গোল্ডকাপের ৪টি প্রাথমিক বিদ্যালয় এবং বঙ্গমাতা গোল্ডকাপের ৪টি প্রাথমিক বিদ্যালয় উপজেলা পর্যায়ে খেলায় অংশগ্রহণ করে।

উপজেলা পর্যায়ে খেলায় বঙ্গবন্ধু গোল্ডকাপ টুর্নামেন্টে আনন্দবাস সরকারী প্রাথমিক বিদ্যালয় যতারপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে কে হারিয়ে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে।

বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা গোল্ডকাপ টুর্নামেন্ট ফাইনালে মহিষনগর সরকারি প্রাথমিক বিদ্যালয় কে হারিয়ে ভবানীপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে।

বিশ্বকাপ বাছাইয়ে বাংলাদেশের সামনে মালদ্বীপ

২০২৬ সালের ফিফা ফুটবল বিশ্বকাপের এশিয়ান অঞ্চলের বাছাইপর্বে মালদ্বীপের মুখোমুখি হবে বাংলাদেশ। মালয়েশিয়ার কুয়ালালামপুরে আজ বৃহস্পতিবার (২৭ জুলাই) বিশ্বকাপ ও এশিয়া কাপের যৌথ বাছাইয়ের ড্র অনুষ্ঠিত হয়। বাছাইয়ের প্রথম রাউন্ডে মালদ্বীপের বিপক্ষেই লড়তে হবে লাল সবুজের জার্সিধারীদের।

হোম ও অ্যাওয়ে ভিত্তিতে দুই লেগের খেলায় মালদ্বীপের মুখোমুখি হবে বাংলাদেশ। আগামী ১২ অক্টোবর অ্যাওয়ে ম্যাচে দ্বীপ দেশটিতে গিয়েই তাদের বিপক্ষে লড়বে বাংলাদেশ। এর পাঁচ দিন পর ১৭ অক্টোবর নিজেদের মাটিতে মালদ্বীপকে আতিথ্য দেবে জামাল ভুঁইয়ারা।

৪৮ দলের অংশগ্রহণে ২০২৬ বিশ্বকাপে এশিয়া থেকে সর্বমোট ৯ টি দল অংশ নেবে। তাদের মধ্যে ৮টি দল সরাসরি বাছাই থেকে আর বাকি একটি দল যাবে প্ল-অফের মাধ্যমে। দুই লেগ মিলিয়ে মালদ্বীপের বিপক্ষে জিততে পারলেই বাংলাদেশ চলে যাবে দ্বিতীয় রাউন্ডে।

ফিফা র্যাংকিংয়ে মালদ্বীপের থেকে অনেক পিছিয়ে বাংলাদেশ। সবশেষ

প্রকাশিত র্যাংকিংয়ে মালদ্বীপের অবস্থান ১৫৫তম আর বাংলাদেশ রয়েছে ১৮৯ নম্বরে। তবে র্যাংকিং ছাপিয়ে অতি সম্প্রতি সাফ চ্যাম্পিয়নশিপে মালদ্বীপকে হারানোর সুখস্মৃতি রয়েছে বাংলাদেশের। আর তাছাড়া বর্তমানে মালদ্বীপের ফুটবলের ধারা অনেকটা কমে যাওয়াই বিশ্বকাপ ও এশিয়া কাপের বাছাই নিয়ে আশাবাদী হতেই পারে বাংলাদেশ।

বিশ্বকাপ ও এশিয়া কাপ বাছাইয়ের জন্য এশিয়া সর্বমোট ৪৬টি দল ড্রতে যোগ দেয়। সর্বশেষ ঘোষিত ফিফা র্যাংকিংয়ে এশিয়ান অঞ্চলের সর্বনিম্ন ২০ টি দল প্রথম রাউন্ডে অংশ নেবে। এদের মধ্যে থেকে পরের পর্বে যাওয়া ১০ দল লড়বে এশিয়ান অঞ্চলের শীর্ষ ২৬ দলের সঙ্গে।

সর্বমোট ৩৬ দল নিয়ে দ্বিতীয় রাউন্ড অনুষ্ঠিত হবে ২০২৩ সালের নভেম্বর থেকে ২০২৪ সালের জুন পর্যন্ত। গ্রুপ ভিত্তিক খেলা শেষে নয় গ্রুপের চ্যাম্পিয়ন আর রানার্স-আপরা চলে যাবে বাছাইয়ের তৃতীয় রাউন্ডে।

সূত্র: ইত্তেফাক

মুজিবনগরে বঙ্গবন্ধু ও বঙ্গমাতা গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন

মুজিবনগর উপজেলা প্রশাসন ও উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসের আয়োজনে মুজিবনগর উপজেলা পর্যায়ের বঙ্গবন্ধু ও বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিব প্রাথমিক বিদ্যালয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন করা হয়েছে।

আজ বুধবার সকালে মুজিবনগর উপজেলা পরিষদ মাঠে উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে উপজেলা পর্যায়ের টুর্নামেন্টের উদ্বোধন করেন।

মুজিবনগর উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার মোহাম্মদ আলাউদ্দিনের

সভাপতিত্বে গোল্ডকাপ টুর্নামেন্টের উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা সহকারী কমিশনার ভূমি নাজমুস সাকিব, বাগোওয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আইয়ুব হোসেন, বীর মুক্তিযোদ্ধা আহসান আলী খানসহ উপজেলার প্রাইমারি স্কুলের প্রধান শিক্ষকবৃন্দ।

মুজিবনগর উপজেলার ৪টি ইউনিয়নের চ্যাম্পিয়ন দল উপজেলা পর্যায়ের প্রতিযোগিতায় অংশগ্রহণ করছে।

টি-টোয়েন্টিতে মালয়েশিয়ার সায়াজরুলের বিশ্বরেকর্ড

বিশ্ব ক্রিকেটে মালয়েশিয়া নামটি বেশ অখ্যাত, আর সেই দেশের ৩২ বছর পেরোনো এক অখ্যাত বোলার সায়াজরুল ইজাত ইদ্রাস। নামটি আগে কেউ না শুনলেও এবার সেই সায়াজরুলই করে ফেলেছেন এক বিশ্বরেকর্ড। আন্তর্জাতিক টি-টোয়েন্টি ক্রিকেটে প্রতিপক্ষের ৭ উইকেট তুলে নিয়েছেন তিনি। আর ৭টি উইকেটই তিনি নিয়েছেন বোল্ড করে।

জনপ্রিয় ক্রিকেটবিষয়ক ওয়েবসাইট ইএসপিএন ক্রিকইনফোর এক প্রতিবেদনে জানা যায়, আজ বুধবার (২৬ জুলাই) ২০২৪ টি-টোয়েন্টি বিশ্বকাপের এশিয়া ‘বি’ অঞ্চলের বাছাইপর্বে চীনের বিপক্ষে এই রেকর্ড গড়েন সায়াজরুল।

বাছাইপর্বের উদ্বোধনী ম্যাচে চীনের মুখোমুখি হয়েছিলো মালয়েশিয়া। প্রথমে ব্যাটিং করে ১১.২ ওভারে ১০ উইকেট হারিয়ে মাত্র ২৩ রান সংগ্রহ করে চীন। ২৪ রানের টার্গেটে ব্যাট করতে নেমে মাত্র ৪.৫ ওভারে ২ উইকেট হারিয়ে জয় তুলে নেয় মালয়েশিয়া।

মালয়েশিয়ার হয়ে সায়াজরুল একাই ধসিয়ে দেন চীনের ব্যাটিং লাইনআপ। ৪ ওভার বল করে মাত্র ৮ রান দিয়ে ৭ উইকেট তুলে নেন সায়াজরুল। ৭টি উইকেটই তিনি পেয়েছেন প্রতিপক্ষ ব্যাটারদের বোল্ড করে। তার বলে ৫ ব্যাটার সাজঘরে ফিরেছেন শূন্য রানেই। বাকি দুজনের মধ্যে একজন করেছেন ৭ রান আর অপরজন করেছেন ৩ রান।

সায়াজরুলের আগে আন্তর্জাতিক টি-টোয়েন্টি কেউই ৭ উইকেট পাওয়ার কীর্তি গড়েননি। এর আগে আন্তর্জাতিক টি-টোয়েন্টিতে সেরা বোলিং ফিগার ছিলো নাইজেরিয়ার পিটার আহোর দখলে। ২০২১ সালে সিয়েরা লিওনের বিরুদ্ধে ৫ রানে ৬ উইকেট নিয়েছিলেন আহো। সেই রেকর্ড ভেঙে সায়াজরুল একাই নিলেন ৭ উইকেট। তার এমন কীর্তি গড়ার পরই সাড়া পড়ে গেছে সমগ্র ক্রিকেট বিশ্বে। সবার রেকর্ড ভেঙে শীর্ষে নাম লেখালেন সায়াজরুল।

সূত্র: ইত্তেফাক

গাংনীর গাড়াবাড়ীয়াতে ফাইনাল ফুটবল খেলা অনুষ্ঠিত

গাংনীর গাড়াবাড়িয়াতে ফাইনাল ফুটবল খেলা অনুষ্ঠিত হয়েছে। গতকাল সোমবার কাথুলী ইউনিয়নের কুতুবপুর স্কুল এন্ড কলেজ মাঠে এ খেলা অনুষ্ঠিত হয়।

খেলায় একদিকে অংশগ্রহণ করেছেন শাপলা ফুটবল একাদশ অপরদিকে অংশগ্রহণ করেছেন সূর্যোদয় ফুটবল একাদশ।

এই খেলাই প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ১ নং কথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান রানা।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কাথুলী ইউনিয়ন কৃষক লীগের সভাপতি রেজাউর রহমান, ক্রীড়া শিক্ষক ইমদাদুল হক, জয়নুল আবেদীন, ইয়ারুল ইসলাম,সহ বিভিন্ন ওয়ার্ডের ইউপি সদস্যবৃন্দ।

এই খেলাটি রেফারির দায়িত্ব পালন করেন জিনারুল ইসলাম ইউপি সদস্য, সহকারি রেফারির দায়িত্ব পালন করেন মাসুদ পারভেজ এবং রাজা।

৭০ মিনিট খেলায় উভয় পক্ষ কোন গোল না করতে পারায় ট্রাইবেকার করে।ট্রাইবেকারেও উভয় দল সমতা থাকায় পুনরায় ট্রাইবেকার করে ১-০ গোলে সূর্যদ্বয় ফুটবল একাদশ কে হারিয়ে শাপলা ফুটবল একাদশ বিজয় লাভ করেন।

বৃষ্টিতে ধুয়ে গেলো ইংল্যান্ডের অ্যাশেজ পুনরুদ্ধাদের স্বপ্ন

বৃষ্টিতে ভেস্তে গেল অস্ট্রেলিয়ার বিপক্ষে ইংল্যান্ডের অ্যাশেজ জয়ের আশা বাঁচিয়ে রাখার স্বপ্ন। ওল্ড ট্রাফোর্ড টেস্টের পঞ্চম দিনের বৃষ্টিতে ড্র হয় সিরিজের চতুর্থ ম্যাচটি। এতে সিরিজে ২-১ ব্যবধানে এগিয়ে থাকলো অস্ট্রেলিয়া। ফলে অস্ট্রেলিয়ার ঘরেই থাকলো ‘অ্যাশেজ সিরিজ’। কারণ সিরিজের পঞ্চম ও শেষ টেস্ট হারলেও, সিরিজ হারতে হচ্ছে না অজিদের। ২০২১-২২ মৌসুমে সর্বশেষ সিরিজ জয়ের কারণে অ্যাশেজ দখলে রাখবে অজিরা।

ম্যানচেস্টারের এই ম্যাচে টস জিতে প্রথমে অস্ট্রেলিয়াকে ব্যাটিংয়ে পাঠায় ইংল্যান্ড। প্রথম ইনিংসে ৩১৭ রান তুলে দ্বিতীয় দিন গুটিয়ে যায় অস্ট্রেলিয়া। নিজেদের প্রথম ইনিংসে ৫৯২ রান তুলে তৃতীয় দিন অলআউট হয় ইংল্যান্ড।

২৭৫ রানে পিছিয়ে থেকে তৃতীয় দিন শেষে দ্বিতীয় ইনিংসে ৪১ ওভারে ৪ উইকেটে ১১৩ রান করে অস্ট্রেলিয়া। চতুর্থ দিন বৃষ্টির কারণে মাত্র ৩০ ওভার খেলা হয়। চতুর্থ দিন শেষে ৭১ ওভারে ৫ উইকেটে ২১৪ রান সংগ্রহ পায় অস্ট্রেলিয়া। এসময় ৫ উইকেট হাতে নিয়ে ৬১ রানে পিছিয়ে ছিলো অজিরা।

পঞ্চম ও শেষ দিন টানা বৃষ্টির কারণে মাঠেই নামতে পারেনি দুই দল। দীর্ঘ অপেক্ষার পর শেষ পর্যন্ত শেষ সেশনে এসে ম্যাচটি ড্র ঘোষণা করেন ম্যাচ অফিসিয়ালসরা।

ইংল্যান্ডের হয়ে প্রথম ইনিংসে ১৮৯ রান করে ম্যাচ সেরা হন ওপেনার জ্যাক ক্রলি। এছাড়া প্রথম ইনিংসে ৯৯ রানে অপরাজিত থাকেন ইংলিশ উইকেটরক্ষক জনি বেয়ারস্টো। অস্ট্রেলিয়ার হয়ে দ্বিতীয় ইনিংসে শতক হাকিয়ে ১১১ রান করেন মার্নাস ল্যাবুশানে।

এই টেস্টে বল হাতে সেরা পারফরমার ছিলেন ইংলিশ পেসার ক্রিস ওকস ও

অজি পেসার জশ হ্যাজেলউড। দু’জনই প্রথম ইনিংসে ৫টি করে উইকেট নেন। আগামী ২৭ জুলাই থেকে ওভালে শুরু হবে সিরিজের পঞ্চম ও শেষ টেস্ট।

সূত্র: ইত্তেফাক

হারমানপ্রীতের আচরণ নিয়ে আইসিসিতে অভিযোগ করবে বিসিবি

বাংলাদেশের বিপক্ষে তৃতীয় ও শেষ ওয়ানডে টাই হলে তিন ম্যাচ সিরিজ ১-১ সমতায় শেষ করে ভারতের নারী দল। আর মিরপুরের এই তৃতীয় ওয়ানডেতে ভারতীয় ক্রিকেটারদের একাধিক আচরণ নিয়ে উঠেছে প্রশ্ন, বইছে সমালোচনার ঝড়ও। খেলার মাঝে মাঠেই ঔদ্ধত্যপূর্ণ আচরণ, ম্যাচ শেষে আম্পায়ার আর বাংলাদেশ দল নিয়ে আপত্তিকর মন্তব্যে তাদের বিরুদ্ধে ক্রিকেটের চেতনা বিরোধী কার্যক্রমের অভিযোগ তুলেচহে বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি)। ভারতীয়দের এমন ঘটনায় আইসিসির কাছে অভিযোগ জানানো হবে বলেও জানানো হয়েছে।

ম্যাচ চলাকালীন আউট হওয়ার পর মাঠের মাঝেই ব্যাট দিয়ে আঘাত করে স্ট্যাম্প ভেঙে ফেলেন ভারতের অধিনায়ক হারমানপ্রীত কৌর। ম্যাচশেষে পুরষ্কার বিতরণীর মঞ্চে এসেও আপত্তিকর মন্তব্যসহ উদ্ভট সব আচরণ করতে থাকেন ভারিতের অধিনায়ক। বাংলাদেশ দলের উদ্দেশ্যেও কুরুচিপূর্ণ মন্তব্য করেন হারমানপ্রীত।

ভারতের অধিনায়ক বলেন, ‘আমার মনে হয় এ খেলা থেকে আমাদের অনেক কিছু শেখার আছে। এমনকি ক্রিকেটের বাইরে গিয়ে যে ধরনের আম্পায়ারিং ছিল, সেটা আমাদের বিস্মিত করেছে। পরবর্তীতে যখন আমরা বাংলাদেশে আসব, তখন এ ধরনের আম্পায়ারিংয়ের বিরুদ্ধে নিজেদের প্রস্তুত করে আসব।’

ট্রফি নিয়ে দুই দলের একসঙ্গে ছবি তোলার সময়ও কটূক্তি করতে থাকেন হারমানপ্রীত। তার সেই কটুক্তির জবাব হিসেবে ফটোসেশন শেষ না করেই সম্পূর্ণ দল নিয়ে ড্রেসিংরুমে চলে যান বাংলাদেশ অধিনায়ক নিগার সুলতানা জ্যোতি।

ভারতের অধিনায়কের এমন ঔদ্ধত্যপূর্ণ আচরণের ঘটনায় আইসিসির কাছে অভিযোগ জানাবে বলে জানিয়েছেন বিসিবির নারী উইংয়ের পরিচালক শফিউল আলম চৌধুরী নাদেল।

ম্যাচ শেষে শফিউল আলম চৌধুরী নাদেল বলেন, ‘যেভাবে বলেছে, সেটা নিয়ে দুই বোর্ডের মধ্যে কথা হবে। নিশ্চয়ই এ ব্যাপারে ম্যাচ রেফারিরা তাদের সিদ্ধান্ত জানাবেন, যা ঘটেছে রিপোর্টে সেগুলো তুলে ধরবেন। আমরা তাদের বোর্ডের সঙ্গে বা আইসিসির সঙ্গে কথা বলব।’

নাদেল আরও বলেন, ‘দেখুন ক্রিকেটকে আমরা কি বলি? ভদ্রলোকের খেলা। এই জায়গায় আপনাকে অবশ্যই ভালো খেলোয়াড় হওয়ার আগে আপনার ভদ্রতা সম্পর্কে এবং ক্রিকেটীয় জ্ঞানটা আগে অর্জন করতে হবে। তারপর আমরা জাতীয় বা আন্তর্জাতিক পর্যায়ে ম্যাচ খেলব, মন্তব্য করব।’

সূত্র: ইত্তেফাক

রোমাঞ্চকর ম্যাচে সমতায় সিরিজ শেষ করলো বাংলাদেশ

ভারতের বিপক্ষে জয় দিয়ে ওয়ানডে সিরিজ শুর করেছিল বাংলাদেশ নারী ক্রিকেট দল। দ্বিতীয় ম্যাচে ব্যাটারদের ব্যর্থতায় সিরিজে সমতা আনে ভারত। তাই সিরিজের তৃতীয় ও শেষ ম্যাচ হয়ে দাঁড়ায় অলিখিত ফাইনাল। সেই অলিখিত ফাইনালে টাই করে সমতায় থেকে সিরিজ শেষ করেছে বাংলাদেশ।

আজ (শনিবার) সিরিজ নির্ধারণী ম্যাচে টস জিতে ব্যাট করতে নেমে ফারজান পিঙ্কির সেঞ্চুরিতে ৪ উইকেট হারিয়ে ২২৫ রানের সংগ্রহ পায় বাংলাদেশ। ২২৬ রান তাড়া করতে নেমে জয়ের পথে ছিল ভারত। তবে শেষ ওভারের নাটকীয়তায় ভারতকে ২২৫ রানে অলআউট করে সিরিজ ড্র করে বাংলাদেশ।

২২৬ রানের টার্গেটে ব্যাট করতে নেমে শুরুতেই ধাক্কা খায় ভারত।

দলীয় ৩২ রানেই জোড়া উইকেট হারায় ভারত। তবে এরপর স্মৃতি মান্ধানা ও হারলিন দোয়েল মিলে শুরুর ধাক্কা সামাল দেন। তৃতীয় উইকেট জুটিতে ১০৭ রানের জুটি গড়েন। এই জুটিতেই জয়ের ভীত পায় ভারত।

তবে এরপর দ্রুতই আরও দুই উইকেত হারায় ভারত। দলীয় ১৩৯ রানে ৮৫ বলে ৫৯ রান করে স্মৃতি ও ২১ বলে ১৪ রান করে হারমানপ্রীত কর আউট হন।

এরপর দলীয় ১৯১ ও ১৯২ রানে ভারতের আরও দুই উইকেট তুলে ম্যাচে ফেরে বাংলাদেশ। হারলিন ১০৮ বলে ৭৭ ও দিপ্তি শর্মা ১ বলে ১ রান করে আউট হন।

এরপর দলীয় ২১৬ থেকে ২১৭ রানের মধ্যে আরও তিন উইকেট তুলে নিয়ে জয়ের স্বপ্ন দেখতে থাকে বাংলাদেশ। একপ্রান্তে উইকেট হারালেও অন্যপ্রান্ত আগলে রাখেন জেমিমাহ রদ্রিগেজ।

শেষ ওভারে জয়ের জন্য প্রয়োজন হয় ৩ রান। অন্যদিকে বাংলাদেশের প্রয়োজন মাত্র ১ উইকেট। শেষ ২ রান নিয়ে ম্যাচ ড্র করে ভারত। ওভারের তৃতীয় বলে ভারতের মেঘনা সিংকে আউট করে ভারতের জয় ছিনিয়ে নেন মারুফা আক্তার। শেষ পর্যন্ত ম্যাচ টাই করে মাঠ ছাড়ে দু’দল।

জেমিমাহ ৪৫ বলে ৩৩ রানে অপরাজিত থাকেন। বাংলাদেশের পক্ষে নাহিদা ৩টি ও মারুফা নেন ১টি উইকেট। ১-১ সমতায় থেকে সিরিজ শেষ করলো দু’দল।

সূত্র: ইত্তেফাক

মেহেরপুরে শহীদ মিজানুর রহমান রিপন স্মৃতি ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন

মেহেরপুর পৌরসভার ৫নং ওয়ার্ড চক্রাপাড়া উদ্যোগে শহীদ মিজানুর রহমান রিপন স্মৃতি ফুটবল টুর্নামেন্টের আয়োজন করা হয়।

শুক্রবার বিকেলে মেহেরপুর পৌরসভার ৫নং ওয়ার্ড চক্রপাড়ায় ফুটবল টুর্নামেন্ট উদ্বোধন করা হয়।

উদ্বোধনের সময় উপস্থিত ছিলেন মেহেরপুর পৌরসভার মেয়র ও মেহেরপুর জেলা যুবলীগের আহবায়ক মাহফুজুর রহমান রিটন।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন মেহেরপুর পৌরসভার ৬নং ওয়ার্ডের কাউন্সিলর ও প্যানেল মেয়র শাহিনুর রহমান রিটন, মেহেরপুর সরকারি কলেজ শাখা ছাত্রলীগের সাবেক সেক্রেটারি ও জেলা ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক মাসুদ রানা সহ বিভিন্ন শ্রেণী পেশার ফুটবল প্রেমিক দর্শকরা উপস্থিত ছিলেন।